## নাটোর জেলায় নিরাপদ আম ও লিচু আহরণ, সংরক্ষণ ও বাজারজাতকরণ বিষয়ে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

সভাপতি : আবু নাছের ভূঁঞা, জেলা প্রশাসক, নাটোর
তারিখ : ০৭ মে, ২০২৩ খ্রি.
সময় : সকাল ১০.০০ ঘটিকায়
স্থান : জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, নাটোর

উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), নাটোরকে সভা সঞ্চালনার জন্য অনুরোধ করা হয়। সে প্রেক্ষিতে তিনি ২০২২ সালে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। অতঃপর চলতি মৌসুমে নিরাপদ/বিষমুক্ত আম ও লিচু আহরণ ও বাজারজাতকরণের লক্ষ্যে সকল অংশীজনকে নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নাটোর জেলায় আম ও লিচু আহরণ, সংরক্ষণ ও বাজারজাত-করণের নিমিত্ত নিম্নোক্ত ক্যালেন্ডার প্রস্তুত করা হয়:

**নাটোর জেলায় আম আহরণের সম্ভাব্য সময়:**

| ক্রমিক | আম | আহরণ শুরুর সময় | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | গোপালভোগ | ২০ মে | বর্ণিত তারিখের পূর্বে কোনক্রমেই নাটোর জেলায় আম আহরণ/ বাজারজাত করা যাবে না। |
| ২ | রানী পছন্দ | ২৫ মে | |
| ৩ | লক্ষনভোগ | ২৫মে | |
| ৪ | খিরসাপাত | ৩০ মে | |
| ৫ | ল্যাংড়া | ১০ জুন | |
| ৬ | মোহনভোগ | ২০ জুন | |
| ৭ | হাড়িভাঙ্গা | ২৫ জুন | |
| ৮ | ফজলী | ২৫ জুন | |
| ৯ | আম্রপলি | ২০ জুন | |
| ১০ | মল্লিকা | ০৫ জুলাই | |
| ১১ | বারি আম-৪ | ১০ জুলাই | |
| ১২ | আশ্বিনা | ২০ জুলাই | |
| ১৩ | গৌরমতি | ২০ আগস্ট | |

**নাটোর জেলায় লিচু আহরণ শুরুর সময়:**

| ক্রমিক | লিচু | পরিপক্কতার সম্ভাব্য সময় | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | মোজাফ্ফর | ০৯ মে | বর্ণিত তারিখের পূর্বে কোনক্রমেই নাটোর জেলায় লিচু আহরণ/বাজারজাতকরণ করা যাবে না |
| ২. | বোম্বাই লিচু/ চায়না- ০৩ | ২৫ মে | |

এছাড়া সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

১) কোন আম চাষী/ব্যবসায়ী যদি অপরিপক্ক অবস্থায় আম সংগ্রহ করে তাহলে তার বিরুদ্ধে আইনগত শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

২) বিশেষ ক্ষেত্রে নির্ধারিত সময়ের পূর্বে আম/লিচু পরিপক্ক হলে স্থানীয় প্রশাসন/কৃষি অফিসার/ কৃষি সম্প্রসারণ কর্মকর্তার প্রত্যয়ন নিয়ে আহরণ করতে হবে।

৩) বাণিজ্যিক আম বাগানসমূহে কোনভাবেই কৃত্রিম উপায়ে আম বড় করা বা পাকানোর জন্য কোন রাসায়নিক ব্যবহার করা যাবে না। এ লক্ষ্যে নিয়মিত মোবাইল কোর্ট/টাস্কফোর্স অভিযান চালাতে হবে। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট ও পুলিশ সুপার, নাটোরকে বিষয়টি নিশ্চিত করতে অনুরোধ করা হয়।

৪) গাছ থেকে আম পাড়ার পূর্ববর্তী ১৫ (পনেরো) দিন আম গাছে কোন ধরণের রাসায়নিক পদার্থ ব্যবহার করা যাবে না। এ ব্যাপারে উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নাটোরকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ করা হয়।

৫) ঢাকাসহ বিভিন্ন জেলার আম/লিচু ব্যবসায়ী ও ফড়িয়ারা যেন নাটোর জেলায় আসতে পারে সেজন্য যাতায়াত ব্যবস্থা নির্বিঘ্ন করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে পুলিশ সুপার, নাটোরকে অনুরোধ করা হয়।

৬) উপজেলা নির্বাহী অফিসার (সকল) নাটোরকে আমচাষী/আড়তদার/ব্যবসায়ীদের তালিকা সংগ্রহ করে মনিটরিং করার জন্য অনুরোধ করা হয়।

৭) উপজেলা নির্বাহী অফিসার (সকল), নাটোর প্রত্যেক উপজেলায় আম/লিচু উৎপাদন, প্রক্রিয়াজাতকরণ, সরবরাহ ও বাজারজাতকরণ বিষয়ে মনিটরিং কমিটি গঠন করবেন।

৮) উত্তম কৃষি পদ্ধতির আলোকে নিরাপদ, বিষমুক্ত ও রপ্তানিযোগ্য আম/লিচু উৎপাদনের কলাকৌশল বিষয়ে আমচাষীদের প্রশিক্ষণ প্রদান করতে হবে। এ বিষয়ে উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নাটোর এবং উপপরিচালক, হর্টিকালচার সেন্টার, নাটোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

৯) কুরিয়া সার্ভিসের মাধ্যমে যাতে নিরাপদে দেশের বিভিন্ন স্থানে আম পরিবহন করা যায় সে বিষয়ে অত্র জেলায় অবস্থিত সকল কুরিয়ার সার্ভিসের শাখা প্রধান প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

১০) আম বাগান হতে হাইওয়ে রাস্তার উপর দিয়ে আম পরিবহনকারী যানবাহনে স্টিকার ব্যবহার করতে হবে।

১১) সড়ক পথে আম পরিবহনের ক্ষেত্রে ট্রাকের সামনে গন্তব্য উল্লেখ করে ব্যানার লাগাতে হবে। এক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার আম পরিবহনকারী যানবহনকে প্রত্যয়ন প্রদানের ব্যবস্থা করবেন।

১২) আম পরিবহনের সময় আমের সাথে কোনভাবেই যেন কোন প্রকার মাদক, অস্ত্র বা কোন নিষিদ্ধ পণ্য পরিবহন না হতে পারে তা নিশ্চিত করতে হবে। সংশ্লিষ্ট মোটর মালিক সমিতি বা পরিবহন সংস্থা এ মর্মে প্রত্যয়ন প্রদান করবেন।

১৩) অনলাইন মার্কেটিং এবং নিরাপদ আম সংগ্রহের বিষয়টি বহুল প্রচারণার ব্যবস্থা নিতে হবে এ বিষয়ে জেলা প্রশাসন, জেলা তথ্য অফিসার এবং সংশ্লিষ্ট সকল আম চাষী/ব্যবসায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

১৪) গুরুদাসপুরের লিচু ব্যবসায়ীদের থাকার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য স্থানীয় প্রশাসনের সহযোগিতা নেওয়ার জন্য আড়ত মালিকদের নির্দেশনা প্রদান করা হলো।

১৫) আম পরিবহনের জন্য সরকারি পর্যায়ে নাটোর হতে ঢাকা রেলগাড়িতে বিশেষায়িত ওয়াগন চালুর বিষয়ে রেল কর্তৃপক্ষ, নাটোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

১৬) প্রতিটি বাণিজ্যিক আম বাগানে একটি করে লগবই ব্যবহার করতে হবে। যেখানে বিশেষজ্ঞের পরামর্শ অনুযায়ী কোন তারিখে কী কেমিক্যাল ব্যবহার করা হয়েছে তা লিপিবদ্ধ করতে হবে এবং পরামর্শ ও ঔষধ ক্রয়ের ক্যাশ মেমো সংরক্ষণ করতে হবে। কর্তৃপক্ষ দেখতে চাইলে তাৎক্ষণিকভাবে তা দেখাতে হবে।

১৭) জেলার বিভিন্ন স্থানে অবস্থিত বালাইনাশক বিক্রির দোকানসমূহ নিয়মিত তদারকি করে তারা যেন ক্ষতিকর বা নিষিদ্ধ কেমিক্যাল বিক্রি না করতে পারে তা নিশ্চিত করতে হবে। এ ব্যাপারে উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নাটোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

১৮) সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ আমচাষী, আম ব্যবসায়ী এবং সংশ্লিষ্ট সকলের মাঝে ব্যাপকভাবে প্রচারের জন্য উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নাটোর, উপজেলা নির্বাহী অফিসার (সকল), নাটোর এবং জেলা তথ্য অফিসার, নাটোরকে অনুরোধ করা হলো।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

07/06/2020

(আবু নাছের ভূঁঞা)
জেলা প্রশাসক
নাটোর
টেলিফোন নম্বর:+৮৮০২৫৮৮৮৭৩৭৪১
ই-মেইল:dcnatore@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর
(সাধারণ শাখা)
www.natore.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৩.৬৯০০.০০৬.৩২.০৬৪.১৬.৩২৪ তারিখ: ২৪ বৈশাখ, ১৪৩০ / ০৭ মে, ২০২৩

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো: (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়)

০১) বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।

০২) পুলিশ সুপার, নাটোর।

০৩) অতিরিক্ত জেলা প্রশাসক, (রাজস্ব/সার্বিক/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট), নাটোর

০৪) উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, নাটোর।

০৫) উপজেলা নির্বাহী অফিসার, সদর/সিংড়া/গুরুদাসপুর/বড়াইগ্রাম/লালপুর/বাগাতিপাড়া/নলডাঙ্গা, নাটোর।

০৬) জেলা ............................................................... কর্মকর্তা/অফিসার, নাটোর।

০৭) উপজেলা........................................................কর্মকর্তা/অফিসার, নাটোর।

০৮) সভাপতি/সম্পাদক............................................... ফল ব্যবসায়ী সমিতি, নাটোর।

০৯) ....................................................................

07/05/2023

(জোবায়দা সুলতানা)
সহকারী কমিশনার
সাধারণ শাখা
জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর
টেলিফোন নম্বর: +৮৮০২৫৮৮৮৬২২৮৭